

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

পত্র নং-৩৩.০২.০০০০.১২০.০৪.০২৯.০৭- ০৪/৬

তারিখঃ ০৬/০১/২০১৭ খ্রি.


বিষয়ঃ “বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২১ ও ১৪২২” এর নিমিত্ত মনোনয়ন প্রস্তাব প্রেরণ প্রসংগে।

সূত্রঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ৩৩.০০.০০০০.১০৮.১৬.০০৪.১৬-১৯৯৬, তারিখঃ ২৬/১২/২০১৬ খ্রি: তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার তহবিল ট্রাস্টি বোর্ডের ২০ নভেম্বর ২০১৬ খ্রি. তারিখের সভায় “বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২১ ও ১৪২২” প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। “বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার বিধিমালা- ২০১৫ (সংশোধিত)” এর ৪.(ক) মেতাবেক বিশেষ অবদান রাখার জন্য মোট ১০ (দশ) টি ক্ষেত্রে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার দেয়া যাবে (কপি সংযুক্ত)। যেমন- ১. কৃষি গবেষণায় অবদান, ২. কৃষি সম্প্রসারণে অবদান, ৩. প্রাতিষ্ঠানিক/সমবায়/কৃষক পর্যায়ে উচ্চ মানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ, বিতরণ ও নার্সারী স্থাপন, ৪. কৃষি উন্নয়নে জনসচেতনতা বৃদ্ধি ও উদ্বুদ্ধকরণ প্রকাশনা ও প্রচারণামূলক কাজ, ৫. পরিবেশ বান্ধব প্রযুক্তি উদ্ভাবন/ব্যবহার, ৬. কৃষিতে মহিলাদের অবদান, ৭. বাণিজ্যিক ভিত্তিতে খামার স্থাপন, ৮. বাণিজ্যিক ভিত্তিতে বনায়ন, ৯. বাণিজ্যিক ভিত্তিতে গবাদিপশু ও হাঁস-মুরগী চাষ এবং ১০. বাণিজ্যিক ভিত্তিতে মৎস্য চাষ। সে মোতাবেক “বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২১ ও ১৪২২” এর নিমিত্ত মনোনয়ন প্রস্তাব প্রেরণের জন্য “বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার বিধিমালা- ২০১৫ (সংশোধিত)” ও “বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার” এর মনোনয়ন ফরম এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে “বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার বিধিমালা- ২০১৫ (সংশোধিত)” অনুসরণপূর্বক মনোনয়ন ফরম পূরণ করে হার্ড কপি ও সফট কপি (ই-মেইলে ddaqua@fisheries.gov.bd ও kzaman25@fisheries.gov.bd) আগামী ০৫/০২/২০১৭ খ্রি. তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

✓ 
উপপরিচালক (মৎস্যচাষ)
ফোন: ০২- ৯৫৬১৫৯২


ই-মেইল: ddaqua@fisheries.gov.bd

উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/
চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/
খুলনা বিভাগ, খুলনা / বরিশাল বিভাগ, বরিশাল/
সিলেট বিভাগ, সিলেট / রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

পত্র নং-৩৩.০২.০০০০.১২০.০৪.০২৯.০৭- ০৪/২ (৫৬২)
কার্যার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রণীত নয়)

তারিখঃ ০৬/০১/২০১৭ খ্রি.

১. পরিচালক / প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (রিজার্ভ/সামুদ্রিক/ মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ/ জরিপ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা/ সামুদ্রিক মৎস্য দপ্তর, আশ্রাবাদ, চট্টগ্রাম/ মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা
২. উপপরিচালক (প্রশাসন/ অর্থ/ চিংড়ি/ ফিল্ড সার্ভিস/ রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা/ মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ দপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা
৩. প্রকল্প পরিচালক (সকল)....., মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা
৪. জেলা মৎস্য কর্মকর্তা (সকল)
৫. সিস্টেম এনালিস্ট, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটের নোটিশ বোর্ডে ন্যূনতম ৩ কর্মদিবস প্রকাশের অনুরোধসহ)
৬. সিনিয়র উপজেলা / উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)
৭. দপ্তর নথি।


(মোহাম্মদ কামরুজ্জামান হোসাইন)
প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা

ফোন : ০২-৯৫৬৭২২০

ই-মেইল: kzaman25@fisheries.gov.bd